

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১১৯

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ তলক বিন আলী রাদ্বিয়াল্লাহু আনহু যে সময়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে প্রতিনিধি হিসেবে এসেছিলেন

ذِكْرُ الْوَقْتِ الَّذِي وَفَدَ طَلْقُ بْنُ عَلِيٍّ على رسول الله صلى الله عليه وسلم

## আরবী

1119 \_ أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدِ قَالَ: حَدَّثَنَا مُلَازِمُ بُنُ عَمْرٍ قَالَ: حَدَّثَنَا جَدِّي عَبْدُ اللَّهِ بْنُ بَدْرٍ عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ عَنْ أَبِيهِ قَالَ: بَنَيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسْجِدَ الْمَدِينَةِ فَكَانَ يَقُولُ: (قَدِّمُوا الْيَمَامِي مِنَ الطِّينِ فَإِنَّهُ مِنْ أَحْسَنِكُمْ لَهُ مَسَّا.

الراوي: طَلْق المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1119 | خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: خَبَرُ طَلْقِ بْنِ عَلِيِّ الَّذِي ذَكَرْنَاهُ خَبَرٌ مَنْسُوخٌ لِأَنَّ طَلْقَ بْنَ عَلِيٍّ كَانَ قُدُومُهُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوَّلَ سَنَةٍ مِنْ سِنِيِّ الْهِجْرَةِ حَيْثُ كَانَ عَلِيٍّ كَانَ قُدُومُهُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْمَدِينَةِ وَقَدْ رَوَى أَبُو هُرَيْرَةَ المُسْلِمُونَ يَبْنُونَ مَسْجِدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْمَدِينَةِ وَقَدْ رَوَى أَبُو هُرَيْرَةَ اللهُ سَنَةَ سَبْعِ إِيجَابَ الْوُضُوءِ مِنْ مَسِّ الذَّكَرِ عَلَى حَسَبِ مَا ذَكَرْنَاهُ قَبْلُ وَأَبُو هُرَيْرَةَ أَسْلَمَ سَنَةَ سَبْعِ مِنْ الْهِجْرَةِ فَدَلَّ ذَلِكَ عَلَى أَنَ خَبَرَ أَبِي هُرَيْرَةَ كَانَ بَعْدَ خَبَرِ طَلْقِ بْنِ عَلِيِّ بسبع سنين.

## বাংলা

১১১৯. তলক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে মদীনার মসজিদে নববীর নির্মাণ কাজ করেছি। তিনি বলেন, "তোমরা ইয়ামামার এই ব্যক্তিকে মাটির কাছে যেতে দাও, কেননা সে তোমাদের মাঝে সবচেয়ে বেশি সুন্দরভাবে মাটি মিশ্রিত করতে পারে।"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আমাদের উল্লেখিত তলক বিন আলী রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসটি



মানসুখ। কেননা তলক বিন আলী রাদ্বিয়াল্লাভ্ আনভ্র মদীনায় আগমন হয়েছিল হিজরী প্রথম বছরে, যখন মুসলিমরা মদীনায় মসজিদে নববী নির্মাণ করছিলেন। অপরদিকে আবৃ ভ্রাইরা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ লজ্জাস্থান স্পর্শ করলে ওয়ু করা আবশ্যক মর্মে হাদীস বর্ণনা করেছেন, যা আমরা পূর্বে উল্লেখ করেছি। আবৃ ভ্রাইরা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ সপ্তম হিজরীতে ইসলাম গ্রহণ করেন। কাজেই এটা প্রমাণ করে যে, আবৃ ভ্রাইরা রাদ্বিয়াল্লাভ্ আনভ্র হাদীসিটি তালক রাদ্বিয়াল্লাভ্ আনভ্র হাদীসের অন্তত সাত বছর পরের।"

## ফুটনোট

[1] তাবারানী কাবীর: ৮২৪২; দারাকুতনী: ১/১৪৮; বাইহাকী: ১/১৩৫; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ২/৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১১৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ তলক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন